

## লেস্টারে করোনাভাইরাস

লেস্টারে করোনাভাইরাস (কোভিড-19) শণাক্তকৃত লোকদের সংখ্যা বাড়ছে।

করোনাভাইরাস ছড়ানো বন্ধ করা এবং আমাদের কমিউনিটি ও এন.এইচ.এস-কে রক্ষা করার জন্য আমাদের সকলকেই পদক্ষেপ নিতে হবে।

### আপনার নিজেকে এবং অন্যদেরকে রক্ষা করার জন্য দয়া করে....



যতটুকু সম্ভব ঘরে থাকুন। শুধুমাত্র কাজে যাওয়া বা অত্যাবশ্যিকীয় জিনিষের (খাদ্যদ্রব্য কেনার, অন্যদেরকে দেখাশোনা করার) জন্য ছাড়া অন্য কোনো কারণে ঘর থেকে বের হবেন না।



আপনার পরিবারের বাইরের লোকদের থেকে সর্বদা 2 মিটার দূরে থাকবেন।



নিয়মিতভাবে কমপক্ষে 20 সেকেন্ড আপনার হাত ধুয়ে নেবেন বা হ্যান্ড সেনিটাইজার ব্যবহার করবেন।



পাবলিক ট্রান্সপোর্টে যাতায়াত করার সময় অথবা কর্মস্থলে সহ, জনসমাগমের সংকীর্ণ কোনো স্থানে সর্বদা মুখ ঢেকে রাখবেন।

লেস্টারে করোনাভাইরাস সম্পর্কে সমসাময়িক তথ্য এই ওয়েবসাইট থেকে জেনে নিন:  
leicester.gov.uk/coronavirus

## টেস্ট (পরীক্ষা) করিয়ে নিন

যদি আপনার মধ্যে করোনাভাইরাসের লক্ষণ দেখা দেয় অথবা আপনি যদি করোনাভাইরাসের লক্ষণ আছে এমন কারোর সংস্পর্শে গিয়ে থাকেন, তাহলে দয়া করে যত তাড়াতাড়ি সম্ভব টেস্ট করিয়ে নেবেন।

মনে রাখবেন, করোনাভাইরাসের প্রধান লক্ষণগুলো হলো:



খুব বেশি জ্বর (তাপ)



অনবরত নতুন কাশি



স্বাণশক্তি না থাকা



মুখের স্বাদ চলে যাওয়া

### আপনার টেস্ট বুক করুন:

অনলাইনে [nhs.uk/ask-for-a-coronavirus-test](https://nhs.uk/ask-for-a-coronavirus-test)

### 119-এ ফোন করে

যদি টেস্টে আপনার করোনাভাইরাস ধরা পড়ে, তবে আপনাকে অবশ্যই 7 দিন এবং আপনি যাদের সঙ্গে বাস করেন তাদেরকে 14 দিন ঘরে থাকতে হবে।